**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 17-04-24** **Desk in Charge :**

**Time : 7-35 A.M.** **Compiling :**

*****************************************************

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ লোকসভা নির্বাচনের প্রথম দফা ভোটের জন্য প্রচার, আজ বিকেলে শেষ হচ্ছে। এই পর্যায়ে কোচবিহার, জলপাইগুড়ি আলিপুরদুয়ার এই তিন কেন্দ্রে ভোট গ্রহণ শুক্রবার। অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণ সুনশ্চিত করতে সব রকম ব্যবস্থা করা হয়েছে। শেষ লগ্নে জমে উঠেছে প্রচার।

২/ হেলিকপ্টারে আয়কর তল্লাশি নিয়ে রাজনৈতিক চাপান-উতোরের মধ্যেই নির্বাচন কমিশন এবার রাজ্যের হেলিপ্যাডগুলির নিরাপত্তা নিয়ে নতুন নির্দেশিকা জারি করলো।

৩/ আজ রামনবমী। এরাজ্যের কোথাও যাতে কোনো অশান্তি না হয় তা' সুনিশ্চিত করতে সতর্ক রাজ্য প্রশাসন ও নির্বাচন কমিশন।

৪/ গরমের দাপটে দক্ষিণবঙ্গের স্বাভাবিক জনজীবন ব্যহত। আজ'ও কয়েকটি জায়গায় তাপপ্রবাহের সতর্কতা জারি।

৬/ ইডেনে IPL ক্রিকেটের উত্তেজনাপূর্ণ ম্যাচে রাজস্থান রয়্যালস দুই উইকেটে কলকাতা নাইট রাইডার্সকে হারিয়ে দিয়েছে।

*****************************************************************

লোকসভা নির্বাচনের প্রথম দফা ভোটের জন্য প্রচার, আজ বিকেলে শেষ হচ্ছে। এই পর্যায়ে ২১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১০২ টি আসনে ভোট নেওয়া হবে আগামী শুক্রবার ১৯শে এপ্রিল। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার। এই তিনটি আসনে ভোট গ্রহণের জন্য ৫'হাজার

৪৪৫ টি বুথ খোলা হয়েছে। সব ক'টি বুথ মিলিয়ে থাকছে ২৬৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। বুথের ভেতরে ১০০ শতাংশ ওয়েব কাস্টিং-এর ব্যবস্থাও রাখা হচ্ছে। তবে, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ির কিছু অঞ্চলে ওয়েবকাস্টিং সম্ভব না হলে সেখানে মাইক্রো অবজার্ভার থাকবেন। তাঁরা ভিডিও রেকর্ডিং করবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। ভোট গ্রহণ শুরু হবে সকাল সাতটায়, চলবে সন্ধ্যে ৬'টা পর্যন্ত। প্রথম দফার ভোটে কমিশনের তরফে কোচবিহারকে বেশী গুরুত্ব দেওয়া হচ্ছে। সেই জন্য ওই কেন্দ্রেই ক্যাম্প করে থাকবেন বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা। অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন সবরকমের ব্যবস্থা নিয়েছে।

এই তিন আসনের প্রতিটিতে ভোটের পর হিংসা নিয়ন্ত্রণ ও স্ট্রং রুম পাহারার জন্যও দুই কোম্পানী ক'রে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে বলে জানা গেছে। প্রচারের শেষ লগ্নে সব দলের প্রার্থী ও তারকা প্রচারকেরাই মিটিং, মিছিল ও পথসভার মাধ্যমে ভোটারদের মনজয়ে আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে।

********************

লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফায় দার্জিলিং, রায়গঞ্জ এবং বালুরঘাট কেন্দ্রে ২৬ শে এপ্রিল ভোট গ্রহণের জন্যেও প্রচার জমে উঠেছে।

প্রবীন বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল দলীয় প্রার্থীদের সমর্থনে বালুরঘাট ও রায়গঞ্জে জনসভা করেন। রায়গঞ্জের সভাতে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে সরব হন প্রধানমন্ত্রী। তিনি বলেন, অনুপ্রবেশকারীদের ভোটার করার উদ্দেশ্যেই CAA-র বিরোধিতা ক'রে মমতা ব্যানার্জীর সরকার। অন্যদিকে বালুরঘাটের সভায় তিনি বলেন, মোদীর গ্যারান্টিকে ভয় পাচ্ছে তৃণমূল কংগ্রেস। রাম নবমীর শোভাযাত্রায় রাজ্য সরকার অনুমতি না দেওয়ায় তিনি রাজ্য সরকারের সমালোচনায় সরব হন।

(বাইট- পি এম/ রাম নবমী)

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, রামনবমী নিয়ে প্রধানমন্ত্রীর অভিযোগ খারিজ করে দিয়েছেন। তাঁর পাল্টা দাবী, রামনবমীকে কেন্দ্র করে বিজেপি গন্ডগোল বাধাতে চাইছে।

(বাইট- সি এম/ রাম নবমী)

জলপাইগুড়ির ময়নাগুড়িতে দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় বিজেপির সমালোচনা মুখ্যমন্ত্রী করে বলেন, দেশকে বিক্রি করে দিচ্ছে এই দল।

ময়নাগুড়ির পর মমতা শিলিগুড়িতে দার্জিলিং-এ প্রার্থীর সমর্থনে এক রোডশো-এ অংশ নেন।

আজ তিনি যাচ্ছেন অসমে। সেখানে শিলচরে এক জনসভায় অংশ নেবেন তিনি। ওই রাজ্যে তৃণমূল কংগ্রেস চারটি আসনে প্রার্থী দিয়েছে।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি কোচবিহারের গোপালপুরে এক জনসভায় বলেন, বাংলার কৃষ্টি, সংস্কৃতি বিজেপি বোঝে না।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী উত্তর দিনাজপুরের গোয়ালপোখরে এক জনসভায় অভিযোগ করেন, বিরোধী জোট ভেঙে মুখ্যমন্ত্রী প্রমাণ করে দিয়েছেন যে, তিনি নরেন্দ্র মোদীর কাছের লোক।

CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম গতকাল জলপাইগুড়িতে দলীয় প্রার্থীকে সঙ্গে নিয়ে মিছিল করে বিভিন্ন পথ পরিক্রমার পর জনসভা করেন।

এদিকে, তৃতীয় দফার ভোটের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ চলেছে। শুক্রবার ১৯শে এপ্রিল পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে।

তৃণমূল কংগ্রেসের মালদা উত্তর কেন্দ্রের প্রার্থী প্রসূন ব্যানার্জী ও মালদা দক্ষিণ কেন্দ্রের প্রার্থী শাহনাওয়াজ আলি রায়হান গতকাল মনোনয়ন পেশ করেছেন।

অন্যদিকে, মালদা উত্তর লোকসভা কেন্দ্রের কুড়মি সমাজের প্রার্থী স্বপন মাহাতো গতকাল মনোনয়নপত্র জমা দিয়েছেন।

********************

নদীয়ার নবদ্বীপের নদী প্রান্তের ভোটারদের বার্তা দিতে এক অভিযানে সামিল হয়েছে জেলা নির্বাচন দপ্তর। নির্ভয়ে ভোট দানের বার্তা নিয়ে আজ জেলা শাসকের কার্যালয় থেকে সাইকেলে চালিয়ে নির্বাচন দপ্তরের আধিকারিক সহ বহু

মানুষ নবদ্বীপ ঘাটের  উদ্দেশ্যে যাত্রা শুরু করেন। পরে নবদ্বীপ ব্লকের বিভিন্ন ঘাট গুলিতেনৌকাতে অভিযান করবেন তাঁরা । পায়ে হেঁটে ঘাট তীরবর্তী মানুষজনের কাছে আহ্বান রাখা হবে নির্ভয়ে ও স্বচ্ছ ভাবে ভোট দানের।

অন্যদিকে, নদীয়ায় ভোটারদের নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে অবহিত ও সচেতন করতে বিশেষ উদ্যোগ নিয়েছে জেলা নির্বাচন দফতর। 'নদীয়া নটআউট' নামে একটি ভিডিও এবং SVEEP কুইজ অ্যাপের সূচনা করেন জেলা শাসক এস অরুণ প্রসাদ। ডিজিটালি দক্ষ তরুণ প্রজন্মকে ভোটদানে আগ্রহী করে তোলাই এর লক্ষ্য।

********************

জলবায়ুর পরিবর্তন ও বিপর্যয় মোকাবিলা, নদী-খাল-বিল-জলাভূমি সংরক্ষণ, জীববৈচিত্র সুরক্ষা, শিল্প দূষণ ও বায়ু দূষণ নিয়ন্ত্রণ এই সব গুরুত্বপূর্ণ বিষয় সাধারণ নির্বাচনের প্রচারে সম্পূর্ণভাবে হারিয়ে যাচ্ছে বলে পরিবেশ সংগঠন সবুজ মঞ্চ অভিযোগ করেছে। কলকাতা প্রেস ক্লাবে গতকাল সংগঠনের কর্মীরা, লোকসভা নির্বাচনে অংশগ্রহণকারী রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। নির্বাচনী প্রচারে পরিবেশ ভাবনাকে যুক্ত করতে সেখানে আলোচনা হয়।

বৈঠক শেষে সবুজ মঞ্চের পক্ষ থেকে "ভোটের ২৪ শে পরিবেশের ১৫ দফা" শিরোনামে একটি ইস্তাহার প্রকাশ করা হয়। সংগঠনের সম্পাদক নব দত্ত আমাদের প্রতিনিধিকে বলেন, উন্নয়নের যে প্রচলিত রাস্তা দেখানো হচ্ছে, তাতে আমাদের প্রাকৃতিক সম্পদ ও জনজীবন খুব ক্ষতিগ্রস্ত হচ্ছে।

(বাইট- নব দত্ত)

********************

হেলিকপ্টারে আয়কর তল্লাশী নিয়ে রাজনৈতিক চাপান-উতোরের মধ্যেই নির্বাচন কমিশন, এবার রাজ্যের হেলিপ্যাডগুলির নিরাপত্তা নিয়ে  নতুন করে নির্দেশিকা জারি করেছে । প্রত্যেকটি হেলিপ্যাডে আরোহীদের মালপত্র তল্লাশির ব্যবস্থা রাখতে হবে বলে রাজ্যের পরিবহন দফতরের স্পেশাল সেক্রেটারি, ফ্লাইং ট্রেনিং ইনস্টিটিউটের ডিরেক্টর এবং স্টেট সিভিল অ্যাভিয়েশনের নোডাল অফিসার, সব  জেলাশাসকদের নির্দেশ দিয়েছেন। এতে বলা হয়েছে, প্রত্যেকটি  হেলিপেডে লোকসভা নির্বাচন

চলাকালীন এই ফ্রিস্কিং এবং চেকিংয়ের পর্যাপ্ত পরিকাঠামো রাখতে হবে। সাম্প্রতিককালে হেলিকপ্টার তল্লাশি বিতর্কের জেরে এই নির্দেশ বলে মনে করা হচ্ছে।

এদিকে, অভিষেক ব্যানার্জী ও রাহুল গান্ধীর হেলিকপ্টারে আয়কর তল্লাশির পর এবার কোচবিহারের বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিকের গাড়িতে তল্লাশি চালালো নির্বাচন কমিশন ও পুলিশ। দেওয়ানহাটে গতকাল নাকা চেকিং-এর সময় কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর গাড়ি আটকান কমিশনের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা এবং পুলিশ। এই নিয়ে তাদের সঙ্গে শ্রী প্রামাণিক ও তাঁর নিরাপত্তারক্ষীদের বচসা বাধে। তবে, গাড়িতে তল্লাশি চালিয়ে কিছু মেলেনি।

********************

আজ রামনবমী। অযোধ্যায় রাম মন্দির প্রতিষ্ঠার পর এই প্রথম যথোচিত মর্যাদায় রাম জন্মোৎসব পালন করা হচ্ছে। এই উপলক্ষ্যে অযোধ্যার মন্দির সাজিয়ে তোলা হয়েছে ফুল ও আলোকমালায়। পুজোর শুভক্ষণ শুরু হবে বেলা ১২টা ১৬ মিনিটে।

পশ্চিমবঙ্গ সরকার আজ ছুটি ঘোষণা করেছে। রামনবমীর উৎসব পালনকে কেন্দ্র করে কোথাও যাতে কোন অশান্তি না হয়, সেজন্য রাজ্য প্রশাসনের তরফে কলকাতা ও রাজ্য পুলিশকে সতর্ক থাকতে বলা হয়েছে। সংবেদনশীল সব এলাকা ও ধর্মীয় স্থানের সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করে রাখার পাশাপাশি নজরদারির জন্য অতিরিক্ত পুলিশ মোতায়েন করতে থানাগুলিকে নির্দেশ দিয়েছে কলকাতা পুলিশ। প্রশাসনের আগাম অনুমতি ছাড়া রাস্তায় যাতে কোন মিছিল না বেরোয়, সে ব্যাপারেও সতর্ক থাকতে বলা হয়েছে। যেকোনরকম অপ্রীতিকর ঘটনা ঘটলে দ্রুত ব্যবস্থা নিতে বলা হয়েছে রাজ্য পুলিশকে।

মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা গতকাল নবান্ন থেকে সব জেলা শাসকদের সঙ্গে এক ভার্চুয়াল বৈঠক করেন। সেখানে তিনি স্পষ্ট জানান, হাইকোর্টের নির্দেশ মেনেই সর্বত্র মিছিল করতে হবে। কোথাও কোনোরকম অশান্তি

বরদাস্ত করা হবেনা। স্পর্শকাতর এলাকাগুলিতে প্রয়োজনে জেলা শাসকদের যাওয়ার'ও নির্দেশ দেন তিনি।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্ট এবার শর্ত সাপেক্ষে রামনবমীর মিছিলের অনুমতি দিয়েছে দুটি সংগঠনকে।

********************

রামনবমী উদযাপনকে সামনে রেখে নির্বাচন কমিশন এবার অতিরিক্ত সতর্কতামূলক পদক্ষেপ নিতে চলেছে। অতীতে রামনবমী পালনকে কেন্দ্র করে অশান্তির নজিরের নিরিখে কমিশন রাজ্যের বিভিন্ন জায়গাকে অতি স্পর্শকাতর এলাকা হিসেবে চিহ্নিত করেছে ।

এই স্পর্শকাতর এলাকাগুলিতে পর্যাপ্ত পুলিশ ও আধাসেনা মোতায়েন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। হাওড়া, উলুবেড়িয়া, পাঁচলা, হুগলি, চন্দননগর, শ্রীরামপুরে অতিরিক্ত বাহিনী মোতায়েন করা হবে। প্রয়োজনে প্রতি জায়গায় এক কোম্পানি পর্যন্ত বাহিনী মোতায়েন করা হবে বলে কমিশন সূত্রে জানা গেছে।

********************

গ্রীষ্মের শুরুতেই গরমের দাপটে দক্ষিণবঙ্গের স্বাভাবিক জনজীবন ব্যাহত। পশ্চিম থেকে উত্তর-পশ্চিম দিকে বয়ে যাওয়া শুষ্ক গরম বাতাসের প্রভাবে লাফিয়ে লাফিয়ে বাড়ছে তাপমাত্রা।

আবহাওয়া দফতর আজ'ও দুই বর্ধমান, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, দুই মেদিনীপুর, বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে। আগামীকাল থেকে শনিবার পর্যন্ত এই জেলাগুলির সঙ্গে দুই ২৪ পরগনাতেও তাপপ্রবাহের সম্ভাবনা। বাকি জেলাগুলিতে থাকবে অস্বস্তিকর গরম। পশ্চিম মেদিনীপুরে গতকাল তাপমাত্রা ৪৩ ডিগ্রি ছাড়িয়ে যায়। বাঁকুড়ায় তাপমাত্রা পৌঁছয় ৪১ ডিগ্রীর ওপরে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা ৩ ডিগ্রি বেশী। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের চার ডিগ্রী ওপরে- ৩৯ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস।

রাজ্যের একাধিক জেলায় তাপপ্রবাহের পূর্বাভাসের প্রেক্ষিতে রাজ্য সরকার আগাম সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে। জল সংকট মোকাবিলা সহ বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা গতকাল নবান্নে সব জেলাশাসক ও জনস্বাস্থ্য কারিগরী দফতরের আধিকারিকদের সঙ্গে ভার্চুয়ালী বৈঠক করেন।

*******************

ইডেনে IPL ক্রিকেটের উত্তেজনাপূর্ণ ম্যাচে রাজস্থান রয়্যালস দুই উইকেটে কলকাতা নাইটরাইডার্সকে হারিয়ে দিয়েছে।

গতরাতে টসে জিতে রাজস্থান কলকাতাকে ব্যাট করতে পাঠায়। নির্ধারিত ২০ ওভারে তারা ৬ উইকেটে ২২৩ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে রাজস্থান ৮ উইকেট হারিয়ে শেষ বলে লক্ষ্যে পৌঁছয়। ৬০ বল খেলে ১০৭ রানে অপরাজিত থেকে বাটলার ম্যাচের সেরা হয়েছেন।

************************************************************